



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)



নং- জেএসসি রেজিঃ/২০২১/০০৮২

তারিখঃ ১৭/০৬/২০২১ খ্রিঃ

### জরুরী বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২১ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইনে (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য স্বাস্থ্যবিধি মেনে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো :

- জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালার ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১ জানুয়ারী ২০২১ তারিখে পরীক্ষার্থীর ন্যূনতম বয়স ১১+ এবং ৩১ ডিসেম্বর ২০২১ তারিখে সর্বোচ্চ ১৭ বছর।
- ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারি এডুকেশন অর্ডিন্যান্স ১৯৬১ (১৯৬১ সনের ৩৩ নং আইন)-এর ৩৯(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ তারিখের শিম/শাঃ১১/বিবিধ-৩৯/৯৬/২৩০/ (৬০০) নং স্মারকে জারিকৃত বেসরকারি উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয় প্রশাসনিক আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, ও মাদ্রাসা) স্থাপন, চালুকরণ, ও স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে অনুসরণীয় নীতিমালায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশন সুযোগ পাবে।
- বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠান শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে পারবে না;
- ময়মনসিংহ শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে eSIF এর আওতায় JSC (s.m) বাটনে Click করে বিদ্যালয় EINN এবং বোর্ড হতে প্রদানকৃত Password দিয়ে লগইন করতে হবে। তারপর Dashboard থেকে eSIF এ Click করার পর যে পেইজ আসবে তা হতে eSIF এর আওতায় eSIF JSC তে Click করে রেজিস্ট্রেশন আবেদন FORM এ প্রবেশ করতে হবে আবেদন FORM সঠিকভাবে পূরণ করে নীচে Submit বাটনে Click করতে হবে। এভাবে পুনঃপুন সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন করার পর শিক্ষার্থীদের তালিকা eSIF JSC Temporary তে চলে যাবে। অতঃপর Temporary List পর্যবেক্ষণের পর শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ফিস প্রদান করতে হবে। ফিস প্রদানের জন্য eSIF JSC payslip এ Click করে তা প্রদান করতে হবে। ফিস প্রদানের পর eSIF JSC sonali verify এ Click করার পর রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তালিকা Registration List এ চলে যাবে এবং পরবর্তীতে Print Registration এ Click করে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীর তালিকা প্রিন্ট করতে হবে।
- ফি জমা দানের জন্য বোর্ডে আসা প্রয়োজন নাই।
- eSIF JSC payslip এ Click করে বোর্ডের ফিস প্রদানের পর অবশ্যই eSIF JSC sonali verify করতে হবে;
- ফি জমাদান ও পূরণের তারিখ ২০ জুন ২০২১ থেকে ০৫ জুলাই ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

জনপ্রতি রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপঃ

রেজিস্ট্রেশন ফি (টাকায়)	রেডক্রসেন্ট ফি (টাকায়)	মোট টাকা (জরিমানা ছাড়া)
৫০/-	১০/-	৬০/-

- viii. শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে;
- ix. (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে মূলসনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;  
(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে;
- (গ) শিক্ষার্থীর পিতা ও মাতার নামের পূর্বে Mr, Mrs, Miss, Sree, Sreemoti, Advocate, Hazi, Al-haz, Engr, Late, Major, Colonel, Brigadier, Dr, Prof, ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA, MC, MSC, BA, BCOM, BCS, BSC, BSS, BBS, FRCS, PHD, FCPS, FCA, Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।
- x. উপরোক্ত তারিখের মধ্যে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম করতে ব্যর্থ হলে বা এর ফলে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা  
প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ০০৮২ (১০)

তারিখ: ১৭/০৬/২০২১ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
৩. মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. সভাপতি, আন্তঃবোর্ড সমন্বয় কমিটি।
৫. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৭. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৮. পি এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৯. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধ সহ)
১০. অফিস কপি।

*M. Islam*  
17.06.2021  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।  
১৭.০৬.২১